মামলা থেকে মুক্তি, ধর্ষিতাদের সাহায্যের ঘোষণা নেইমারের

ধর্ষণের মামলা থেকে রেহাই পেয়েছেন নেইমার। এই খবর শোনার পর সামাজিক যোগাযোগমাধ্যমে জানিয়েছেন, ভবিষ্যতে সব ধর্ষিত নারীর পাশে থাকবেন তিনি।

নেইমারের বিরুদ্ধে ধর্ষণ মামলার তদন্ত শেষ হয় গত ৩০ জুলাই। প্রমাণের অভাবে মামলাটির কার্যক্রম বৃহস্পতিবার থামিয়ে দেওয়ার সুপারিশ মেনে নেন বিচারক। রাতে মামলার কার্যক্রম বন্ধের নির্দেশ দেন তিনি।

এই খবর পেয়ে আপ্লুত নেইমার বলেন, ‘এটা আমার জীবনের এমন একটা অধ্যায়, যা কোনোদিন ভুলব না। আমি খুশি এ কথা সৎ হলে বলতে পারব না। আমার এবং আমার পরিবার সেই সঙ্গে যারা আমাকে চেনেন, তাদের জন্য এটি ভোলার নয়। মানুষ ভালো কিছু করতে পারে, করতে পারে চরম খারাপও; এই ভয় আমাকে সেটা স্মরণ করিয়ে দেবে।’

নেইমার বলেন, ‘এটা শুধু আমার জন্য নতুন শুরু নয়; যারা মিথ্যা অভিযোগে পড়েছে তাদের জন্যও। যেসব নারী এমন কাজে ভুক্তভোগী তাদের শক্ত হওয়ার, যুদ্ধ করার আহ্বান জানাই। তারা যেন তাদের প্রাপ্য পায়, সেই আশা রাখছি। সব সময়ের মতো, সব কিছুর জন্য ধন্যবাদ।’

গত মে মাসে ব্রাজিলিয়ান মডেল নাজিলা ত্রিনদাদি অভিযোগ করেন প্যারিসের একটি হোটেলে নেইমার তাকে ধর্ষণ করেছেন।

২৭ বছর বয়সী নেইমার আবার এই অভিযোগ অস্বীকার করে বলেন, যা হয়েছে তা দুজনের সম্মতিতেই হয়েছে।